দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... 19 MAY 1990
পৃষ্ঠা... .. ১ ... কলাম ১ ...

69

# প্রশ্নপত্র ফাঁস ॥ লক্ষ্মীপুরে বিকল্প প্রশ্নপত্রে অংক পরীক্ষা গ্রহণ

লক্ষ্মীপুর সংবাদদাতার টেলিফোন : চলতি এসএসসিতে গতকালের অংক পরীক্ষায় নির্ধারিত প্রশ্নপত্র ফাঁস হইয়া যাওয়ার প্রেক্ষিতে বোর্ডের নির্দেশ মোতাবেক গতকাল (বৃহস্পতিবার) লক্ষ্মীপুর জেলায় চারটি কেন্দ্রে বিকল্প প্রশ্নপত্র দিয়া পরীক্ষা গ্রহণ করা

( ১১শ পৃঃ দ্রঃ )

## প্রশ্নপত্র ফাঁস

(১ম পৃঃ পর)

হয়।

বুধবার রাত্রে লক্ষ্মীপুরে অংক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হইয়াছে এইরকম একটি গুজব ছড়াইয়া পড়িলে জেলা ও পুলিশ প্রশাসনের যৌথ উদ্যোগে শহরের কয়েকটি স্থানে তল্লাশী চালাইয়া ৪/৫ কপি নকল প্রশ্নপত্র উদ্ধার করা হয়। গতকাল (বৃহস্পতিবার) পরীক্ষা শুরুর পূর্বে মূল প্রশ্নপত্রের সীল করা প্যাকেট খুলিয়া দেখা যায় পূর্ব রাত্রির উদ্ধার করা নকল প্রশ্নপত্রের কপির সহিত আসল প্রশ্নপত্রের হুবহু মিল রহিয়াছে। জেলা প্রশাসন বিষয়টি কুমিল্লা শিক্ষাবোর্ড কর্তৃপক্ষকে জানাইলে বোর্ড বিকল্প প্রশ্নপত্র দিয়া পরীক্ষা গ্রহণ করিতে বলে।

গতকাল পরীক্ষায় লক্ষ্মীপুরের চারটি কেন্দ্রের তিনটি কেন্দ্র হইতে ২৩ জনকে বহিষ্কার করা হয়। রামগঞ্জ কেন্দ্রে নকলে সহযোগিতা করার অভিযোগে একজন পরিদর্শককে বহিষ্কার করা হয়।